

AKASHVANI KOLKATA

RNU: KOLKATA

Bengali Text Bulletin

Date 14-10-2026

Time: 7.50 PM

বিশেষ বিশেষ খবরঃ-

১) মুখ্যমন্ত্রী শুভেন্দু অধিকারী, আজ পূর্ব মেদিনীপুরে হলদিয়া পেট্রো কেমিক্যালসের ৬ হাজার কোটি টাকা ব্যয়ে দেশের বৃহত্তম ফেনল ও অ্যাসিটোন প্লান্টের উদ্বোধন করেছেন। এখানে প্রায় দেড় হাজার মানুষের কর্ম সংস্থান হবে।

২) বিভিন্ন দপ্তরে আরও ৪৫ হাজার ১৮৫ জনকে নিয়োগ করার সিদ্ধান্ত নিয়েছে রাজ্য সরকার।

৩) উৎসবের মরসুমে রাজ্যে, বন্ধ থাকা চা বাগানের কর্মহীন শ্রমিকদের এককালীন ৫ হাজার টাকা পুজো বোনাস এবং অতিরিক্ত চাল দেওয়ার কথা ঘোষণা।

কেন্দ্রীয় মন্ত্রিসভা ১১ লক্ষ ৪০ হাজার রেল কর্মীকে ৭৮ দিনের উৎপাদন ভিত্তিক বোনাস দেওয়ার অনুমোদন দিয়েছে।

৪) শারদীয়া দুর্গোৎসবের আজ চতুর্থী। গোটা বাংলায় উৎসবের আমেজ। ইতোমধ্যেই সরকারের আটশোটি নতুন দুর্গাপুজোর অনুমতি।

৫) রঞ্জি ট্রফি ক্রিকেটের লিগ পর্বের প্রথম ম্যাচে বাংলা, দিল্লীকে ৯ উইকেটে হারিয়ে দিয়েছে।

মুখ্যমন্ত্রী শুভেন্দু অধিকারী বলেছেন, ভাতা নির্ভর নয়, আত্মনির্ভর পশ্চিমবঙ্গ গড়ে তোলাই রাজ্য সরকারের প্রধান লক্ষ্য। তিনি আজ পূর্ব মেদিনীপুরে হলদিয়া পেট্রোকেমিক্যালসের তৈরি দেশের বৃহত্তম ফেনল ও অ্যাসিটোন প্লান্টের উদ্বোধন করে বলেন, ৬ হাজার কোটি টাকা ব্যয়ে তৈরি এই নতুন কারখানায় প্রত্যক্ষ ও পরোক্ষভাবে প্রায় দেড় হাজার মানুষের কর্ম সংস্থান হবে।

এই প্লান্টকে রাজ্যবাসীর কাছে পুজোর উপহার হিসাবে উল্লেখ কোরে মুখ্যমন্ত্রী হলদিয়ায় ৯৮ একর জমিতে ঠান্ডা পানীয় তৈরির কারখানা এবং ৫০ একর জমিতে মেডিকেল যন্ত্রাংশ ইউনিট গড়ে তোলা হবে বলেও ঘোষণা করেন। আজকের দিনকে ঐতিহাসিক হিসাবেও উল্লেখ করেন তিনি।

বাইট

তিনি আরও বলেন, শিল্প শহর হলদিয়ায় শ্রমিকদের জন্য একটি ট্রমা সেন্টার তৈরি করা হবে। এজন্য হলদিয়া উন্নয়ন কর্তৃপক্ষ দেবে ১৮ কোটি টাকা ও কেন্দ্র দেবে ৫ কোটি টাকা। ইন্ডিয়ান অয়েল কর্পোরেশন ইতোমধ্যেই ৫ কোটি টাকা দিয়েছে। ২০২৭-এর জুন মাসে ২৮ কোটি ব্যয়ে অত্যাধুনিক এই ট্রমা সেন্টারটির উদ্বোধন করা হবে।

মুখ্যমন্ত্রী অভিযোগ করেন, পূর্বতন সরকারের পরিকল্পনাহীন জমি ও শিল্প নীতির কারণে রাজ্যে বিনিয়োগ ক্ষেত্রে খরা নেমে এসেছিল। খুব শীঘ্রই নতুন জমি ও শিল্প নীতি ঘোষণা করা হবে।

বাইট

অনুষ্ঠানে হলদিয়া পেট্রোকেমিক্যালসের চেয়ারম্যান পূর্ণেন্দু চট্টোপাধ্যায় বলেন, জমি সমস্যার সমাধানে বর্তমান রাজ্য সরকার অভূতপূর্ব কাজ করছে। দু বছরে নানা প্রতিকূলতার মধ্যেও সফলভাবে প্লান্টটি তৈরি করতে সক্ষম হয়েছে সংস্থা।

উল্লেখ্য, হলদিয়া পেট্রো কেমিক্যালস এবং তার সহযোগী সংস্থা নির্মিত এই কারখানায়, বছরে ৩'লক্ষ ৪৫ হাজার টন ফেনল এবং ২'লক্ষ ১৫ হাজার টন অ্যাসিটোন উৎপন্ন হবে।

রাজ্য সরকার বিভিন্ন দপ্তরে আরও ৪৫ হাজার ১৮৫ জনকে নিয়োগ করার সিদ্ধান্ত নিয়েছে। অর্থ দপ্তরের অনুমোদন মেলায় মুখ্যমন্ত্রী শুভেন্দু অধিকারীর পৌরহিত্যে নবান্নে আজ রাজ্য মন্ত্রিসভার বিশেষ বৈঠকে এই সিদ্ধান্ত গৃহীত হয়।

বৈঠকের পর মুখ্যমন্ত্রী জানান, এরমধ্যে বিদ্যালয় শিক্ষা দপ্তরে সবথেকে বেশি ৩৩ হাজার ১৯৯ জনকে নিয়োগ করা হবে। এছাড়াও পঞ্চায়েত ও গ্রামোন্নয়ন দপ্তরে ৭ হাজার ১১৯, কলকাতা পুলিশে ৯৯৬ এবং কারিগরী শিক্ষা বিভাগে ১ হাজার ৮৮৬ জনকে নিয়োগ করা হবে।

উৎসবের মরসুমে রাজ্য সরকার, বন্ধ থাকা চা বাগানের কর্মহীন শ্রমিকদের এককালীন ৫ হাজার টাকা পুজো বোনাস এবং অতিরিক্ত চাল দেওয়ার কথা ঘোষণা করেছে। মুখ্যমন্ত্রী শুভেন্দু অধিকারীর পৌরহিত্যে নবান্নে আজ রাজ্য মন্ত্রিসভার বিশেষ বৈঠকে এই প্রস্তাব অনুমোদিত হয়।

মুখ্যমন্ত্রী বলেন, ২০২৩ সালের পয়লা জানুয়ারি থেকে বন্ধ থাকা একুশটি বাগানের ৬০ বছরের কম বয়সী ১৯ হাজার ৫২৪ জন শ্রমিক এই বোনাস পাবেন। তাদের পরিবারপিছু অতিরিক্ত ৫০ কেজি করে চালও দেওয়া হবে।

বাইট

কয়েকটি বাগান ছাড়া দার্জিলিং এর পাহাড় এবং তরাই ও ডুয়ার্সের আড়াইশো বাগিচা কর্তৃপক্ষ রাজ্য সরকারের নির্দেশ অনুযায়ী শ্রমিকদের সর্বোচ্চ কুড়ি শতাংশ হারে পুজোর বোনাস দিয়েছে বলে মুখ্যমন্ত্রী জানান। বাগিচা শ্রমিকদের উন্নয়নে কেন্দ্র, প্রধানমন্ত্রী চা শ্রমিক প্রোৎসাহন যোজনায় ৩১২ কোটি টাকা অনুমোদন করেছে।

উত্তরবঙ্গ উন্নয়ন পর্ষদ এই অর্থ বিভিন্ন উন্নয়নমূলক কাজে এই অর্থ খরচ করবে।

কেন্দ্রীয় মন্ত্রিসভা, ১১ লক্ষ ৪০ হাজার রেল কর্মীকে ৭৮ দিনের উৎপাদন ভিত্তিক বোনাস দেওয়ার বিষয়টি অনুমোদন করেছে। এই বোনাস প্রদানের জন্যে ২ হাজার ৯ কোটি টাকাও অনুমোদন করেছে মন্ত্রিসভা,। নতুন দিল্লিতে আজ মন্ত্রিসভার বৈঠকের পর তথ্য ও সম্প্রচার মন্ত্রী অশ্বিনী বৈষ্ণব এ কথা জানান। এর ফলে রেল কর্মীরা সরবচ্ছ ১৭ হাজার ৯৫১ টাকা পেতে পারেন।

বাইট

জাতীয় সামাজিক সহায়তা প্রকল্প বা ন্যাশনাল সোশ্যাল অ্যাসিস্ট্যান্স প্রোগ্রাম-এর মেয়াদ আরও পাঁচ বছরের জন্য বাড়ানোর অনুমোদন দিয়েছে কেন্দ্রীয় মন্ত্রিসভা। ২০২৬-২৭ থেকে ২০৩০-৩১ অর্থবর্ষ পর্যন্ত এই প্রকল্প চালু থাকবে।

অশ্বিনী বৈষ্ণব জানান, এই সামাজিক সুরক্ষা প্রকল্পের জন্য মোট ৫৩ হাজার ৪২৮ কোটি টাকার বাজেট বরাদ্দ মঞ্জুর করা হয়েছে। দিব্যাঙ্গজন পেনশন প্রকল্পের ক্ষেত্রে সংশোধন এর বিষয়ে মন্ত্রী জানান, এখন থেকে ৭৯ বছর বয়স পর্যন্ত প্রাপকরা মাসে ৩৭৫ টাকা করে আর্থিক সহায়তা পাবেন। আর ৮০ বছর বা তার বেশি বয়সী উপভোক্তাদের ক্ষেত্রে এই সহায়তার পরিমাণ হবে ৬২৫ টাকা।

জনসেবা থেকে দেশ সেবার ২৫ বছর পূর্তি উপলক্ষ্যে প্রধানমন্ত্রী নরেন্দ্র মোদীকে ধন্যবাদ জানিয়ে পশ্চিমবঙ্গ সরকার একটি ধন্যবাদজ্ঞাপক প্রস্তাব গ্রহন করেছে। মুখ্যমন্ত্রী শুভেন্দু অধিকারীর পৌরহিত্যে নবান্নে রাজ্য মন্ত্রিসভার বিশেষ বৈঠকে এই প্রস্তাব গৃহীত হয়।

সেবা সংকল্প অভিযান কর্মসূচির অধীনে আজ শুনবেন ‘প্রধানমন্ত্রী জনজাতি আদিবাসী ন্যায় মহাঅভিযান’ বিষয়ে একটি আলোচনা। অধ্যাপক সুপর্ণা সান্যাল মুখার্জীর সঙ্গে কথা বলেছেন অভিজিৎ চক্রবর্তী। অনুষ্ঠানটি শোনা যাবে আজ রাত দশটায় গীতাঞ্জলি প্রচার তরঙ্গ, ডিটিএইচ বাংলা পরিষেবা ও আকাশবাণী সংবাদের সোশ্যাল মিডিয়া প্ল্যাটফর্মে।

জনসেবা থেকে দেশ সেবা’ এই মন্ত্রকে পাথেয় করে ২৫ বছরের দীর্ঘ রাজনৈতিক জীবনে মানুষের সেবায় নিরলসভাবে কাজ করে চলেছেন প্রধানমন্ত্রী নরেন্দ্র মোদি। এই ধারাবাহিকতায় শুরু হয়েছে বিশেষ সিরিজ, সেবা সংকল্প অভিযান।

আজকের বিষয়- আয়ুষ্মান ভারত প্রকল্প।

(ভিসি-কাশফিন)

শারদীয়া দুর্গোৎসবের আজ চতুর্থী। বেশিরভাগ মন্ডপেই প্রতিমা এসে গেছে। সাজসজ্জাও প্রায় সম্পূর্ণ। রংবেরঙ এবং বিভিন্ন থিমের মন্ডপসজ্জা, চোখ ধাঁধানো

আলোর সাজ এবং ঢাকের শব্দে উৎসব মুখর গোটা রাজ্য। বড় বড় পুজো মন্ডপগুলিতে উদ্বোধনের পর্ব সারা। ইতোমধ্যেই প্যাণ্ডেলে প্যাণ্ডেলে ভিড় দমাচ্ছেন দর্শণার্থীরা।

এদিকে, শারদীয়া নবরাত্রির চতুর্থ দিনে দেবী আজ পূজিতা হচ্ছেন মা কুশমভারূপে।

রাজ্য সরকার আজ আরও আটশোটি নতুন দুর্গাপুজোর অনুমতি দিয়েছে। এর ফলে চলতি বছরে রাজ্যে নতুন পুজোর সংখ্যা বেড়ে দাঁড়ালো ১৩ হাজার ২০০। সংশ্লিষ্ট পুজো কমিটিগুলিকে সরকারি সহায়তা বাবদ ইতোমধ্যেই এক লক্ষ টাকা কোরে অনুদান দেওয়া হয়েছে বলে মুখ্যমন্ত্রী শুভেন্দু অধিকারী জানিয়েছেন।

তিনি আগামীকাল মুর্শিদাবাদের লালবাগ সহ একাধিক জায়গায় পুজোর উদ্বোধন করবেন। পরে তার পূর্ব মেদিনীপুরেও যাওয়ার কথা।

বনগাঁ যশোর রোড সংলগ্ন বিভিন্ন এলাকায় দুর্গাপুজোর সময়ে সিপিআইএম-এর অস্থায়ী বইয়ের স্টল তৈরিতে বাধা দেওয়ার অভিযোগ সংক্রান্ত মামলায় আগামীকাল পুলিশের রিপোর্ট তলব করেছে কলকাতা হাইকোর্ট। বিচারপতি সৌগত ভট্টাচার্য আজ নির্দেশ দিয়েছেন, বনগাঁ থানার আইসিকে অনুসন্ধান করে লিখিতভাবে জানাতে হবে, যশোর রোডে পুজোর দিনগুলিতে কারা কারা স্টল করার অনুমতি নিয়েছে। রাজ্যের পক্ষ থেকে আদালতে জানানো হয়েছে, ঐ জায়গা পূর্ত দপ্তরের। কিন্তু তাদের কাছে স্টলের জন্য আবেদন করা হয়নি। আগামীকাল ফের এই মামলার শুনানি।

সুবর্ণজয়ন্তী বর্ষে আন্তর্জাতিক কলকাতা বইমেলা প্রস্তুতি পর্ব হিসেবে আজ বইমেলা প্রাঙ্গন ঘুরে দেখেন মেলা উপদেষ্টা কমিটির প্রতিনিধিরা। এবারের থিম ভারতবর্ষ।

মাঠ প্রদক্ষিণ শেষে পাবলিশার্স এন্ড বুক সেলারস গিল্ডের সম্পাদক ত্রিদিব চট্টোপাধ্যায় সাংবাদিকদের বলেন, বইমেলা সংগঠনে গত ৪৯ বছরের খামতি সংশোধনের চেষ্টা করা হবে।

অন্যদের সঙ্গে এই পরিদর্শনে উপস্থিত ছিলেন গিল্ডের সভাপতি সুধাংশু শেখর দে, উপদেষ্টা কমিটির আহ্বায়ক প্রসেনজিৎ বক্রি প্রমুখ।

পুর ভোটেরর আগে কলকাতা পুরসভার দুই প্রাক্তন মেয়র পারিষদ ফার্জানা চৌধুরী ও সখি়তা মন্ডল আজ কংগ্রেসে যোগ দিয়েছেন। ফার্জানা এর আগে ৬৪ নম্বর ওয়ার্ড থেকে বাম প্রার্থী হিসাবে পুর ভোটে নির্বাচিত হন।

অন্যদিকে, তৃণমূল কংগ্রেসের সখি়তা মন্ডল জয়ী হন ৫১ নম্বর ওয়ার্ডে।

মধ্য কলকাতা হাজী মোহাম্মদ মহসিন স্কোয়ারে জেলা কংগ্রেস কার্যালয়ে প্রদেশ কংগ্রেস সভাপতি শুভঙ্কর সরকার ও অন্যান্য নেতৃত্বের উপস্থিতিতে আনুষ্ঠানিকভাবে কংগ্রেসে যোগ দেন।

রাজ্য থেকে আনুষ্ঠানিকভাবে বর্ষা বিদায় নিলেও উত্তর বঙ্গোপসাগর পর্যন্ত বিস্তৃত একটি নিম্নচাপ অক্ষরেখার কারণে উপকূলবর্তী এলাকাগুলিতে আগামী শনিবার ১৭ তারিখ পর্যন্ত বিক্ষিপ্তভাবে বৃষ্টির পূর্বাভাস দিয়েছে আলিপুর আবহাওয়া দপ্তরে। আগামী ২৪ ঘণ্টায় দুই ২৪ পরগনা, পূর্ব ও পশ্চিম মেদিনীপুর, কলকাতা, হাওড়া এবং ঝাড়গ্রাম

জেলার স্থানীয়ভাবে কোথাও কোথাও বৃষ্টি হতে পারে। আলিপুর আবহাওয়া দপ্তরের প্রধান ডক্টর হাবিবুর রহমান বিশ্বাস জানিয়েছেন, দক্ষিণ ২৪ পরগনা, কলকাতা, হাওড়া, দুই মেদিনীপুর এবং ঝাড়খাম জেলায় আগামীকাল দু এক পশলা বৃষ্টির সম্ভাবনা।

রঞ্জি ট্রফি ক্রিকেটের লিগ পর্বে তাদের প্রথম ম্যাচে বাংলা দিল্লিকে ৯ উইকেটে হারিয়ে দিয়েছে। কল্যাণীতে আজ ৩ উইকেটে ১০১ রান নিয়ে চতুর্থ দিনের খেলা শুরু করে দিল্লির দ্বিতীয় ইনিংস ২৭৭ রানে শেষ হয়। অধিনায়ক আয়ুশ বাদোনি ৮৫, অনুজ রাওয়াত ৩৯ রান করেন।

বাংলার হয়ে প্রদীপ্ত প্রামাণিক তিনটি, সুমন্ত গুপ্ত দুটি উইকেট নিয়েছেন। এই ম্যাচে জয়ের জন্য বাংলার প্রয়োজন ছিলো ৮৯ রান।

বাংলা ১ উইকেট হারিয়ে ম্যাচ শেষ হওয়ার ৭৫ বল বাকি থাকতেই লক্ষ্যে পৌঁছে যায়। অক্ষুর পাল ৩৮ রান করেন। অধিনায়ক অভিমন্যু ঈশ্বরন ৩৪ রানে, সুদীপ ঘরামি ১৬ রানে অপরাজিত থাকেন।

দিল্লির হয়ে হৃত্বিক শকিন একমাত্র উইকেটটি নিয়েছেন।
ম্যাচের সংক্ষিপ্ত ফলাফল দিল্লি ২৪০ ও ২৭৭। বাংলা ৪২৯ ও ১ উইকেটে ৮৯ রান।

এই ম্যাচে জয়ের সুবাদে বাংলা ৬ পয়েন্ট সংগ্রহ করেছে।
অভিষেক পোরেল ম্যাচের সেরা হয়েছেন।

নতুন দিল্লির পালাম স্টেডিয়ামে বাংলা পরবর্তী ম্যাচে সার্ভিসেস এর মুখোমুখি হবে। খেলা শুরু হবে রবিবার।
